

অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website: www.prdp-brdb.gov.bd



স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-২২২২

তারিখ: ০৩ আষাঢ়'১৪২৮ বঙ্গাব্দ
১৭ জুন'২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: দাপ্তরিক পত্র যোগাযোগ।

সূত্র: ৪৭.৬২.০০০০.৯০৬.২৬.০৩০.১৬-১২২ তারিখ: ১৭/০৮/২০১৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি'র আওতায় বাস্তবায়নাধীন অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত) এর উপজেলা পর্যায় হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ বিধেয়। কিন্তু গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে যে, যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ছাড়া উপজেলা দপ্তর হতে সরাসরি প্রকল্প পরিচালক বরাবর পত্র প্রেরণ করা হচ্ছে। এজন্য একদিকে যেমন অফিসের চেইন অব কমান্ড নষ্ট হচ্ছে অন্যদিকে স্থানীয় কর্তৃপক্ষের সাথে আন্তঃসম্পর্কের অবনতি এবং অনেক সময় ভুল বুঝাবুঝির সৃষ্টি হচ্ছে যা স্বাভাবিক অফিস ব্যবস্থাপনার জন্য কাম্য নয়। এ বিষয়ে গত মার্চ/২০২১ খ্রি: এপ্রিল/২০২১ খ্রি: এবং মে'২০২১ খ্রি: মাসে জুম এ্যাপসের মাধ্যমে অনুষ্ঠিত সভায় এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হয়েছিল। তাছাড়া যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ছাড়া প্রকল্প পরিচালক বরাবর পত্র প্রেরণ অফিস শৃঙ্খলারও পরিপন্থী যা উদ্ধত আচরণের পরিচয় বহন করে।

এমতাবস্থায়, পিআরডিপি-৩ প্রকল্পভুক্ত উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প সদর দপ্তরে পত্র প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

১৭/০৬/২০২১
তপন কুমার মন্ডল
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০০৪১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট)

উপজেলা:

জেলা:.....

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-২২২২

তারিখ: ০৩ আষাঢ়'১৪২৮ বঙ্গাব্দ
১৭ জুন'২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ: (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

০১। ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার (ইউডিও),ইউনিয়ন,
.....উপজেলা,..... জেলা (সকল)।

০২। উপপরিচালক, বিআরডিবি, জেলা দপ্তর (সকল)।

০৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

০৪। সংশ্লিষ্ট নথি।

সেখ আমিনুর ইসলাম
উপপরিচালক